দৈনিক ইত্তেফাক

তারিখ ... 6 OCT 2009 ...
পৃষ্ঠা ... ১৮ ... কলাম ... ৬ ......

# প্রস্তাবিত শিক্ষানীতি বাস্তবায়ন হলে দেশে বেকার বাড়বে

—খালেদা জিয়া

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

প্রস্তাবিত শিক্ষানীতি বাস্তবায়িত হলে দেশে বেকারের সংখ্যা বাড়বে বলে অভিযোগ করেছেন বিএনপি চেয়ারপারসন ও জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতা বেগম খালেদা জিয়া। গতকাল সোমবার রাতে গুলশানে তার কার্যালয়ে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের একটি প্রতিনিধি দল তার সঙ্গে সাক্ষাৎ করতে এলে তিনি এ কথা বলেন। খালেদা জিয়া বলেন, এই সরকার নির্বাচনের আগে ঘরে-ঘরে চাকরি দেওয়ার কথা বলে এখন শিক্ষানীতি প্রণয়ন করে বেকার সৃষ্টি করতে চায়। তিনি সারাদেশের শিক্ষক সমাজকে এই শিক্ষানীতির বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান।

শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ সেলিম ভূঁইয়ার নেতৃত্বে একশ' সদস্যের প্রতিনিধি দলটি খালেদা জিয়ার সঙ্গে দেখা করেন। তিনি বলেন, দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি চরম আকার ধারণ করেছে। সরকারি দল লুটপাট করছে। চাঁদাবাজি, দখলবাজি ও সন্ত্রাস চালাচ্ছে। এশিয়ান হাইওয়ে সম্পর্কে তিনি বলেন, আমরা এশিয়ান হাইওয়ের বিরুদ্ধে নই। কিন্তু ওই এশিয়ান হাইওয়ের নামে ভারতকে করিডোর দেয়ার বিরুদ্ধে আমরা। এটা দেশের মানুষ কোনভাবেই গ্রহণ করবে না। (১৫শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## প্রস্তাবিত শিক্ষানীতি

(১৬শ পৃঃ পর)

এ সময় বিএনপির মহাসচিব খোন্দকার দেলোয়ার হোসেন, ড. ওসমান ফারুক, আ ন হ এহছানুল হক মিলন, কলেজ শিক্ষক সমিতির মহাসচিব অধ্যক্ষ চৌধুরী মুগীস উদ্দিন মাহমুদ, মাদ্রাসা শিক্ষক সমিতির চেয়ারম্যান মাওলানা এম এ লতিফ, উচ্চ মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব অধ্যাপক মাহবুবুর রহমান মোল্লা, প্রধান শিক্ষক সমিতির মহাসচিব জাকির হোসেন, কর্মচারী ফেডারেশনের মহাসচিব শফিকুল আলম, শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশনের মহাসচিব আজিজুল হক রাজা, ইসলাম ধর্ম শিক্ষক সমিতির আহবায়ক রফিকুল ইসলাম উপস্থিত ছিলেন।